অংশ২

বঙ্গীয় শব্দকোষ

পুং [√অংশ+অ (অচ্)-ভা; বৈদিক]

১ বিভাজন পৃথক্করণ, বণ্টন, ভাগ।

২ পিত্রাদিধন-বিভাগ, রিক্থ-ভাগ।

“সকৃদংশো নিপততি মনু ৯৪৭।

৩ [+ অ-র্ম্ম] যাহা বিভাগ করা যায়; বিভক্ত দ্রব্য; ভাগ।

“মনু ৮.৪০৮। অংশের অংশ যেই কলা নাম তার চৈ.চ ২৩।

৪ দায়ের ভাগ রিক্থ-বিভাগ, উদ্ধার (Share)।

“অনংশৌ ক্লীবপতিতৌ জাতান্ধবধিরৌ তথা মনু ৯.২০১। যাজ্ঞ ২.১৪১।

৫ বস্তুর একদেশ; অবয়ব, একভাগ। “তুর্য্য”, ষোড়শ°।

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ গী ১৫.৭। তেঁহো যার অংশ চৈ.চ ২৩। আলেখ্যের অপর অংশে সী ১১।

৬ খণ্ড, টুকরা।

৭ ভাজ্যাঙ্ক।

৮ ভগ্নাংশের লব (Numerator)।

”হরাংশ (লীলাবতী)।

৯ ভগ্নাংশ (Fraction)।

১০ বৃত্তের বা রাশিচক্রের ষষ্ট্যধিক ত্রিশততম (৩৬০ তম) ভাগ, অর্থাৎ ৩৬০ ভাগের একভাগ; অক্ষের অংশ বা ডিগ্রি।

’অক্ষস্যাংশাঃ সমাখ্যাতাঃ ষষ্ট্যুত্তরশতত্রয়ম্।

১১ সূর্য্যমূর্ত্তিবিশেষ।

১২ দ্বাদশ আদিত্যের একতম। দ্র ’আদিত্য’।

১৩ দিন (M.W.)। তু ‘অংশক’।

১৪ স্কন্ধ। তু ‘অংস’।

“বিপুলাংশ রা S.W.)। °বিবর্ত্তী ব্যূঢ়োত্তরাংশ মহা ৩.১১৯১৩। মুখমংশবিবর্ত্তি শ ৩.২২।

১৫ (বাঙ্‌লায়) রূপ, মূর্ত্তি।

“মনে মনে প্রভুর হইল অভিলাষ। এক অংশ চারি অংশে হইব প্রকাশ।। কৃ ১।

১৬ দেবতার মূর্ত্তিপরিগ্রহ; অবতার।

“সৃষ্ট্যাদিনিমিত্তে সেই অংশের অবধান। সেই ত অংশের কহি ’অবতার’ নাম।। চৈ.চ ২৪।

১৭ বিষয়, সম্বন্ধ, প্রকার।

”জাত্যংশে বণিক্ ভ গ্র ১৭৪। অপত্যসংস্কারবিধি...কোন অংশে অঙ্গহীন হইবে না সী ৫১। এমন লোকের সঙ্গে কুটুম্বিতা হইলে তো সর্ব্বাংশে সুখজনক হইত আ.দ্র ৭১।